



উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েব সাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)



## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরে আমদানিকৃত পণ্য অবৈধ ভাবে পরিবহনের কারণে ভলগেট আটক”

১৭ ডিসেম্বর, ২০২১ সন্ধ্যা ৫:০০ ঘটিকার দিকে আনুমানিক ৬০০ মেট্রিক টন ইউরিয়া নিয়ে মোংলা বন্দর ছেড়ে আশুগঞ্জের উদ্দেশ্যে ভলগেটটি রওনা হয়েছিল বলে জানা যায়। যাওয়ার সময় এম.বি জামাল, রেজি নং- এম০১-৩১৮৫, আশুগঞ্জ, মালিক-জালাল আহমেদ এর একটি একহেচ বিশিষ্ট ভলগেট আটক করে মোংলা বন্দর কর্তৃপক্ষ। আটককৃত ভলগেটটি পশুর চ্যানেলের বানিয়াশান্তা এলাকা থেকে আটক করে মোংলা বন্দর কর্তৃপক্ষের ০৬ নং জেটিতে রাখা হয়েছে।

এই ধরনের ভলগেট গুলোর শুধু মাত্র বালি মাটি পরিবহনের অনুমতি থাকলেও এই ভলগেটটি ৬০০ টন ইউরিয়া বহন করে নিয়ে যাচ্ছিল।

এটি একটি একহেচ বিশিষ্ট ভলগেট যা পণ্য পরিবহনের জন্য নৌ পরিবহণ অধিদপ্তর কর্তৃক নিষিদ্ধ। এই ধরনের ভলগেটে করে পণ্য পরিবহনের কারণে মোংলা বন্দরের পশুর চ্যানেলে গত কয়েক মাসে বেশ কয়েকটি ভলগেট ডুবির ঘটনা ঘটে।

একহেচ বিশিষ্ট ভলগেটে পণ্য পরিবহনের কোন অনুমতি না থাকলেও আইন অমান্য করে পণ্য পরিবহনের কারণে প্রায়ই নৌ দুর্ঘটনার ঘটনা ঘটে থাকে।

উপসচিব